অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/7/2024 **গভর্নর ক্যাথি হোকল**

মেধাবীদের নিয়োগ ও আকর্ষণীয় কাজের সুযোগ তৈরি করতে গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট সরকারের কর্মীদের বেতন বাড়ানোর ঘোষণা দিয়েছেন

এই অগ্রগতি 46টি স্টেট এজেন্সির পেশাদার প্রশিক্ষাণার্থীদের 2,100 এরও বেশি বর্তমান স্টেট কর্মচারীকে প্রভাবিত করবে

জনসাধারণের কর্মশক্তি ও সাশ্রয়ী মূল্যের জন্য সহযোগিতা করতে গভর্নরের সামগ্রিক প্রতিশ্রুতির অংশ

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ দক্ষ কর্মীদের নিযুক্ত এবং ধরে রাখার সুবিধার্থে সাহায্য করার জন্য 46টি স্টেট এজেন্সি জুড়ে পেশাদার চাকরির প্রশিক্ষণে কর্মরত নিউ ইয়র্ক স্টেটের প্রায় 2,100 জন কর্মীদের বেতন বৃদ্ধির ঘোষণা দিয়েছেন। এই পদগুলোতে কর্মীগণ তাদের পদবি অনুসারে বেতনের 5.7 বৃদ্ধি বা 11.6 শতাংশ বৃদ্ধি পাবে। এই বৃদ্ধি নিউ ইয়র্কের কর্মী ও পরিবারগুলোর জন্য সাশ্রয়ী মূল্যের জন্য গভর্নর হোকলের প্রতিশ্রুতিকে তুলে ধরে, যখন এম্পায়ার স্টেট আগামী প্রজন্মের জন্য সকল নিউ ইয়র্কবাসীদের জন্য সর্বোত্তম পরিষেবা ও সুরক্ষা প্রদান করে তা নিশ্চিত করে।

"প্রত্যেক নিউ ইয়র্কবাসী একটি শক্তিশালী, স্থিতিশীল ও ন্যায়সঙ্গত সরকার পাওয়ার যোগ্য। আমরা প্রতিদিন যে গুরুত্বপূর্ণ পরিষেবাগুলোর উপর নির্ভর করি তা সরবারাহ করার জন্য আমরা আমাদের স্টেট কর্মীদের উপর নির্ভর করি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই বেতন বৃদ্ধি আমাদের স্টেটের সংস্থা এবং সরকারি কর্মচারীদের ধরে রাখতে এবং আকৃষ্ট করার অনুমতি দেবে যাতে আমরা এখন এবং ভবিষ্যতে নিউ ইয়র্কবাসীদের প্রত্যাশা এবং প্রাপ্য সর্বোচ্চ মানের সহায়তা আনার জন্য আমাদের মিশন চালিয়ে যেতে পারি।"

এই বৃদ্ধি যা আজ কার্যকর হবে, যারা প্রশিক্ষণার্থী 1 পদবিধারী তাদের বেতন গ্রেড 13 এর জন্য (49,363 মার্কিন ডলার বার্ষিক) থেকে 14 গ্রেডের জন্য (52,198 মার্কিন ডলার)পর্যন্ত বৃদ্ধি পাবে। গ্রেড 14 এর জন্য (52,198 মার্কিন ডলার) থেকে গ্রেড 16 (58,247 মার্কিন ডলার) পর্যন্ত প্রশিক্ষণার্থী 2 পদবীর জন্য বেতনও বৃদ্ধি পাবে।

প্রশিক্ষণার্থীগণ শিক্ষানবিস অবস্থায় বিভিন্ন স্টেট এজেন্সি কর্তৃক চাকরির প্রশিক্ষণ ও চাকরি ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের জন্য নিযুক্ত করা হয় যখন ব্যক্তিরা প্রয়োজনীয় দক্ষতা অর্জন করে।

পেশাদার প্রশিক্ষণার্থীগণ সাধারণত দুই বছর স্থায়ী হয় এবং প্রশিক্ষণার্থীদের কর্মদক্ষতা ও মাইলফলক অর্জনের উপর ভিত্তি করে বেতন বৃদ্ধি পায়।

বেশিরভাগ পেশাদার দুই বছরের প্রশিক্ষণার্থীদের জন্য কলেজ ডিগ্রি বা সমমানের কাজের অভিজ্ঞতা প্রয়োজন। দুই বছরের প্রশিক্ষণের সফল সমাপ্তিতে, কর্মীদের বার্ষিক 65,000 মার্কিন ডলার থেকে 83,000 মার্কিন ডলারের মধ্যে বেতন সহ এন্ট্রি-লেভেল পদে পদোন্নতি দেওয়া হয়।

বেশিরভাগ প্রশিক্ষণার্থী পদগুলোতে পেশাদার প্রযুক্তিগত ও বৈজ্ঞানিক ইউনিট রয়েছে, যা পাবলিক এমপ্লয়িজ ফেডারেশন (Public Employees Federation, PEF) কর্তৃক বাস্তবায়িত করা হয়।

এই বেতন বৃদ্ধি নিম্নলিখিত সংস্থাগুলোতে সবচেয়ে বেশি প্রভাব ফেলবে বলে প্রত্যাশা করা হচ্ছে, যেগুলোতে বর্তমানে সবচেয়ে বেশি সংখ্যক উপযুক্ত পদ রয়েছে: ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনসারভেশন (Department of Environmental Conservation), ডিপার্টমেন্ট অব হেলথ (Department of Health), স্টেট ইন্সুরেন্স ফান্ড (State Insurance Fund), ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন (Department of Transportation), অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল দিসাবিলিটিজ (Office for People With Developmental Disabilities), অফিস অব মেন্টাল হেলথ (Office of Mental Health), ডিপার্টমেন্ট অব সিভিল সার্ভিস (Department of Civil Service), অফিস অব মেডিকেড ইন্সপেক্টর জেনারেল (Office of Medicaid Inspector General), ডিপার্টমেন্ট অব মোটর ভেহিকলস এন্ড অফিস অফ জেনারেল সার্ভিসেস (Department of Motor Vehicles and Office of General Services)।

বিশেষত্ব ও ভাষা সম্পর্কিত পদ সহ 280টিরও বেশি প্রশিক্ষণার্থী পদসমূহ প্রভাবিত হবে। পেশাগত প্রশিক্ষণের মাধ্যমগুলো ব্যবহার করে এমন কর্মসংস্থানের পদগুলির মধ্যে রয়েছে হিউমান রিসোর্সেস স্পেশালিস্ট, অ্যাডমিনিস্ট্রেটিভ স্পেশালিস্ট, কন্ট্রাক্ট ম্যানেজমেন্ট স্পেশালিস্ট, হেলথ প্রোগ্রাম এডমিনিস্ট্রেটর এন্ড বিসনেস সিস্টেমস এনালিস্ট।

নিউ ইয়র্কের পাবলিক ওয়ার্কফোর্স শক্তিশালী ও সহায়তা করার জন্য গভর্নর হোকল দায়িত্ব গ্রহণের পর থেকে যে অনেকগুলো উদ্যোগকে সমর্থন করেছেন তার মধ্যে বেতন বৃদ্ধি অন্যতম।

এই বছরের শুরুতে, ডিপার্টমেন্ট অব সিভিল সার্ভিস একটি সম্প্রসারিত নিউ ইয়র্ক হায়ারিং ফর ইমার্জেন্সি লিমিটেড প্লেসমেন্ট স্টেটওয়াইড (New York Hiring for Emergency Limited Placement Statewide, NY HELPS) কর্মসূচি চালু করেছে যাতে জনসাধারণের জন্য উন্মুক্ত শূন্য পদগুলো আরো ভালোভাবে পূরণ করতে স্টেট ও স্থানীয় এজেন্সিগুলোতে সহায়তা করা যায়। NY HELPS কর্মসূচিটি সাধারণ জনগণের জন্য উন্মুক্ত হাজার হাজার খালি স্টেট কর্মসংস্থানের জন্য সিভিল সার্ভিস পরীক্ষার শর্তাবলীকে অস্থায়ীভাবে মওকুফ করেছে। যেসকল অবশিষ্ট পদগুলোর জন্য পরীক্ষার প্রয়োজন, 2024 সালের অর্থবছরের বাজেটে গভর্নর হোকল কর্তৃক সুরক্ষিত একটি চুক্তির পরে 2025 সালের ডিসেম্বর মাস পর্যন্ত সকল স্টেট পরীক্ষার আবেদনের ফি মওকুফ করা হয়েছে।

30 সেপ্টেম্বর পর্যন্ত NY HELPS কর্মসূচির মাধ্যমে স্টেট এজেন্সিগুলো কর্তৃক 18,500 এরও বেশি নিয়োগ করা হয়েছে।

এছাড়াও, ডিপার্টমেন্ট অব সিভিল সার্ভিস (Department of Civil Service), নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব লেবার (New York State Department of Labor) অব লেবারের সাথে লেবার ক্যারিয়ার সেন্টারগুলিতে (Labor Career Center) নির্দিষ্ট বিভাগের মধ্যে সরকারি চাকরির কর্মসংস্থানের জন্য কেন্দ্র স্থাপন করতে সহযোগিতা করেছে। এম্পায়ার স্টেট জুড়ে অবস্থিত এই যৌথ-এজেন্সির কেন্দ্রগুলিতে, উভয় এজেন্সিগুলোর পেশাদার কর্মীগণ স্টেটের সিভিল মেরিট ও কর্মসংস্থানের ক্ষতিপূরণ ব্যবস্থা সম্পর্কে শিখতে সহায্য করে চাকরিপ্রার্থীদেরকে তাদের চাকরির সন্ধানে সাহায্য করার জন্য ব্যাপক সহায়তা প্রদানের জন্য সহযোগিতা করে, পাশাপাশি NY HELPS কর্মসূচি, এম্পায়ার স্টেটের অর্থনীতি বৃদ্ধি ও শক্তিশালী করার সময় পাবলিক সার্ভিসে যারা একটি ভালো বেতনের ক্যারিয়ারে আগ্রহী তাদের জন্য পথ সহজ করে।

হাজার হাজার উপলভ্য কর্মসংস্থান ও সকলের জন্য উপলভ্য ক্যারিয়ারের সুযোগের প্রশস্ততা উন্নত করার জন্য, ডিপার্টমেন্ট অব সিভিল সার্ভিস (Department of Civil Service) এই বছর একটি বহুমুখী বিপণণ ও জনসচেতনতা প্রচারণাও চালিয়েছে। প্রচারণাটি ইংরেজি ও স্প্যানিশ উভয় ভাষায় ডিজিটাল ও বহিরাগত বিজ্ঞাপন চ্যানেলগুলিতে প্রদর্শিত হয়েছিল এবং জনসেবার মূল্য ও স্টেট সরকার জুড়ে উপলভ্য সুবিধা ও বিভিন্ন সুযোগসমূহ তুলে ধরেছিল।

গভর্নর হোকল স্টেটে কর্মীদের সহায়তা ও উৎসাহিত করার জন্য অতিরিক্ত পদক্ষেপও গ্রহণ করেছেন, যেমন বছরের পর বছর ধরে স্টেটে নিয়োগের স্থগিতাদেশ তুলে নেওয়া, প্রতিবন্ধী ব্যক্তিদের (55/b/c) ও প্রবীণদের নিয়োগের জন্য গভর্নরের কর্মসূচির মাধ্যমে সুযোগগুলো সম্প্রসারিত করা ও স্টেট জুড়ে নতুন পরীক্ষা সেন্টারগুলির জন্য তহবিল সরবরাহ করা।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব সিভিল সার্ভিসের কমিশনার ও সিভিল সার্ভিস কমিশনের প্রেসিডেন্ট Timothy R. Hogues (টিমোথি আর. হোগস) বলেন, "নিউ ইয়র্ক স্টেট পাবলিক সার্ভিসে একটি একটি ভাল বেতনের ক্যারিয়ারে যোগদানের জন্য দক্ষ পেশাদার খুঁজছে। চাকরিপ্রার্থীদের প্রত্যাশার সাথে আরো ভালোভাবে সংগঠিত করতে এবং ক্রমবর্ধমান প্রতিযোগিতামূলক শ্রমবাজারে স্টেট এজেন্সিগুলোকে সহায়তা করার জন্য, নিউ ইয়র্ক স্টেট তাদের নিয়োগের চাহিদা পূরণে স্টেট এজেন্সিগুলোকে সাহায্য করার জন্য এবং জনসাধারণকে মূল্যবান ও প্রয়োজনীয় পরিষেবা সরবরাহ করার জন্য আরো প্রার্থীদের আকৃষ্ট করতে এবং ধরে রাখতে প্রশিক্ষণার্থীদের বেতন বৃদ্ধি করছে।"

নিউ ইয়র্ক স্টেট পাবলিক এমপ্লয়িজ ফেডারেশনের প্রেসিডেন্ট Wayne Spence (ওয়েন স্পেন্স) বলেন, "আমরা স্টেটের কর্মীদের জন্য বিনিয়োগ অব্যাহত রাখার জন্য এবং নিয়োগ ও আকর্ষণীয় কাজের সুযোগ তৈরি করার উপায় হিসেবে প্রতিযোগিতামূলক বেতনের মূল্যকে স্বীকৃতি দেওয়ার জন্য গভর্নরের প্রশংসা করি। এই বেতন বৃদ্ধি বেসরকারি খাতের সাথে সামঞ্জস্যপূর্ণ স্টেট বেতন নিয়ে আসে এবং অত্যন্ত দক্ষ সরকারি কর্মীদের নিয়োগ ও আকর্ষণীয় কাজের সুযোগ তৈরি করতে একটি ভালো প্রাথমিক পদক্ষেপ। এটি গুরুত্বপূর্ণ যে আমরা চলমান

জনবল ঘাটতি মোকাবেলা করি এবং আমরা আমাদের পদমর্যাদা জোরদার করতে এবং আমাদের কর্মীদেরকে শক্তিশালী করার মাধ্যম হিসেবে স্টেট কর্মীদের জন্য ক্ষতিপূরণের ক্রমাগত পর্যালোচনার অপেক্ষায় রয়েছি।"

স্টেট সিনেটর Robert Jackson (রবার্ট জ্যাকসন) বলেন, "নিউ ইয়র্ক তার সরকারি কর্মীদের প্রতিশ্রুতি ও দক্ষতার বিষয়ে উদ্দীপিত হয়। পেশাদার প্রশিক্ষণার্থীদের জন্য বেতন বৃদ্ধি করার মাধ্যমে, আমরা শুধুমাত্র আরো সমৃদ্ধ ক্যারিয়ারের পথ উন্মুক্ত করছি না – আমরা সেই সকল লোকদের মধ্যে বিনিয়োগ করছি যারা আমাদের স্টেটকে সুষ্ঠভাবে পরিচালনা করছে। এই উদ্যোগটি আমাদের স্টেটের সেবা করার জন্য প্রস্তুতিতে নিবেদিত নেতাদের একটি নতুন ইঙ্গিত তৈরি করে প্রতিযোগিতামূলক, পাবলিক সেক্টরের কর্মজীবনকে পরিপূর্ণ করার জন্য নিউ ইয়র্কের অঙ্গীকারের একটি স্পষ্ট ঘোষণা।"

নিউ ইয়র্ক স্টেটের জন্য চাকরি করা সম্পর্কে এবং কীভাবে সরকারি চাকরিতে একটি ফলপ্রসূ ক্যারিয়ার পাওয়ার জন্য পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে সেই ব্যাপারে আরো জানতে অনুগ্রহ করে সিভিল সার্ভিস বিভাগের ওয়েবসাইট ভিজিট করুন ফেসবুক, ইনস্টাগ্রাম, X এবং লিংকডইনে ফলো করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন